

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ১১৫৫

১৯/ তাহাজ্বদ (کتاب التهجد)

পরিচ্ছেদঃ ১৯/২১. যে ব্যক্তি রাত জেগে সালাত আদায় করে তাঁর ফ্যীলত।

بَابِ فَضْلِ مَنْ تَعَارَّ مِنْ اللَّيْلِ فَصلَّى

আরবী

বাংলা

১১৫৫. হায়সাম ইবনু আবূ সিনান হতে বর্ণিত। তিনি বলেন, আবূ হুরাইরাহ্ (রাযি.) তাঁর ওয়ায বর্ণনাকালে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর আলোচনা প্রসঙ্গে বলেন, তোমাদের এক ভাই অর্থাৎ 'আবদুল্লাহ্ ইবনু রাওয়াহা (রাযি.) অনর্থক কথা বলেননি।*

''আর আমাদের মধ্যে রয়েছেন আল্লাহর রাসূল,

যিনি তিলাওয়াত করেন তাঁর (আল্লাহর) কিতাব,

যখন ফজরের আলো উদ্ভাসিত হয়।

তিনি আমাদের গোমরাহীর পর হিদায়াতের পথ দেখিয়েছেন,

তাই আমাদের অন্তরগুলো তাঁর প্রতি এ বিশ্বাস রাখে যে



যা তিনি বলেছেন তা অবশ্যই সত্য।

তিনি রাত যাপন করেন পার্শ্বদেশকে শয্যা হতে দূরে সরিয়ে রেখে,

যখন মুশরিকরা থাকে আপন শয্যাসমূহে নিদ্রামগ্ন।"

আর 'উকায়ল (রহ.) ইউনুস (রহ.)-এর অনুসরণ করেছেন। যুবাইদী (রহ.).....আবূ হুরাইরাহ্ (রাযি.) সূত্রেও তা বর্ণনা করেছেন। (৬১৫১) (আধুনিক প্রকাশনীঃ ১০৮৩, ইসলামিক ফাউন্ডেশনঃ ১০৮৮)

English

Narrated Abu Huraira:

That once Allah's Messenger (﴿) (p.b.u.h) said, "Your brother, i.e. `Abdullah bin Rawaha does not say obscene (referring to his verses): Amongst us is Allah's Messenger (﴿), who recites His Book when it dawns. He showed us the guidance, after we were blind. We believe that whatever he says will come true. And he spends his nights in such a way as his sides do not touch his bed. While the pagans were deeply asleep."

ফুটনোট

* আবদুল্লাহ ইবনু রাওয়াহা (রাঃ) আনসারী কর্তৃক রসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) -এ প্রশংসায় রচিত কবিতার কয়েকটি পংক্তি তিনি মূতা যুদ্ধে শাহাদাত বরণ করেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ হায়সাম ইবনু আবূ সিনান

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন